



খান একাডেমি বাংলা ইনিসিয়েটিভ



আগামী
এডুকেশন ফাউন্ডেশন

খান একাডেমি বাংলা অনুবাদ নির্দেশিকা

KHAN
ACADEMY

২। নাম (Name)

• মানুষের নাম

কোন অনুশীলনীতে কোন মানুষের বিদেশি নাম থাকলে তা পরিবর্তন করে দেশি বা আমাদের আশেপাশের পরিচিত কোন নাম দিতে হবে এবং লক্ষ্য রাখতে হবে যে একই অনুশীলনী এবং তার সমাধানের সূত্রে নাম একই রাখা হচ্ছে।

- যেমন- Carrol পরিবর্তন করে হতে পারে করিম, কণা, কবিতা, কান্তা ইত্যাদি যে কোন নাম।

- তবে, ঐতিহাসিক বা গুরুত্বপূর্ণ কোন ব্যক্তিত্ব সম্পর্কিত কোন সমস্যা থাকলে সেখানে সেই নামটিই রাখতে হবে। যেমনঃ George Washington অথবা Martin Luther King jr কে জর্জ ওয়াশিংটন অথবা মার্টিন লুথার কিং জুনিয়র লিখতে হবে।

• প্রাণীর নাম

যে কোন প্রাণীর নামের ক্ষেত্রে বাংলা নামটি ব্যবহার করতে হবে। যদি বাংলা নাম না পাওয়া যায় তাহলে সেই প্রাণীটির কাছাকাছি একই শ্রেণির কোন প্রাণীর নাম দিতে হবে।

- যেমন- Otter হতে পারে ভোঁদড় এবং Walrus হতে পারে সিল।

- কোথাও Pig (শুক্র) এর উল্লেখ থাকলে সেটিকে *অবশ্যই* বদলে অন্য কিছু দিতে হবে।

- Pig (শুক্র) এর ছবি থাকলে ছবির সাথে সামঞ্জস্যপূর্ণ কোন নাম যেমনঃ খেলনা/ খেলনা হাঁদুর ইত্যাদি দিতে হবে।

• স্থানের নাম

বিদেশি কোন স্থানের নাম (দোকান, রাস্তা, বাসা ইত্যাদি) দেয়া থাকতে সেটি পরিবর্তন করে দেশি নাম বা সম্পূর্ণ নতুন কোন একটি বাংলা নাম দিতে হবে এবং লক্ষ্য রাখতে হবে যে একই অনুশীলনী এবং তার সমাধানের সূত্রে নাম একই রাখা হচ্ছে।

- যেমন- 5th Avenue হতে পারে আসাদ গেইট, চৌধুরী পাড়া, গুলশান ইত্যাদি যে কোন স্থান।

- আবার – Macdonald's হতে পারে ঢাকা ফ্লাইড চিকেন, বনানী কাবাব ঘর ইত্যাদি যে কোন নাম।

- তবে নামের ক্ষেত্রে যাতে কোন **ব্র্যান্ডের নাম** যেমন- BFC, Star Kabab, Pizza Hut ইত্যাদি ব্যবহার না করা হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

- **অনুষ্ঠানের নাম**

বিদেশি কোন বিশেষ দিন বা অনুষ্ঠানের নাম পরিবর্তন করে দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ কোন নাম দিতে হবে এবং লক্ষ্য রাখতে হবে যে একই অনুশীলনী এবং তার সমাধানের সূত্রে অনুষ্ঠানের নামটি একই রাখা হচ্ছে।

- যেমন St. Patrick's Day বা Halloween কে পরিবর্তন করে দেশীয় কোন দিন যেমন বৈশাখ, ঈদ, পূজা, বড়দিন ইত্যাদি দেয়া যেতে পারে।

বিদেশি নাচ, গান, অনুষ্ঠানের ধরণের নাম পরিবর্তন করে দেশীয় নাচ, গান, অনুষ্ঠানের নাম দিতে হবে।

- যেমন- Hip-hop, Jazz, Rock এর বদলে দেশাত্মবোধক, আধুনিক, ব্যান্ড সঙ্গীত ইত্যাদি দেয়া যেতে পারে।

- আবার- Waltz, Salsa, Break Dance এর বদলে কথক, ধামাইল, আধুনিক, মনিপুরী নৃত্য ইত্যাদি দেয়া যেতে পারে।

- **খাবারের নাম**

বিদেশি অপরিচিত খাবারের নাম পরিবর্তন করে দেশীয় পরিচিত খাবারের নাম দিতে হবে এবং লক্ষ্য রাখতে হবে যে একই অনুশীলনী এবং তার সমাধানের সূত্রে নাম একই রাখা হচ্ছে।

- যেমন- Burrito, Donut, Pie, Tart ইত্যাদিকে পরিবর্তন করে সিঙ্গারা, সমুচা, স্যান্ডুইচ, পিঠা ইত্যাদি দেয়া যেতে পারে।

- **মুদ্রার নাম**

বিদেশি মুদ্রার নাম পরিবর্তন করে দেশীয় মুদ্রার নাম দিতে হবে।

- যেমন- Doller হবে টাকা, Penny/Pence/Cent হবে পয়সা।

- তবে বিভিন্ন দেশীয় মুদ্রার তুলনামূলক কোন সমস্যা থাকলে সেখানে যে মুদ্রা দেয়া আছে সেটিই রাখতে হবে।

যা-ই পরিবর্তন করা হোক না কেন লক্ষ্য রাখতে হবে সেই পরিবর্তনটি যেন সামঞ্জস্যপূর্ণ হয়।


যেমন- Halloween এ বাচ্চাদের চকলেট সংগ্রহ সম্পর্কিত কোন বিবৃতি থাকলে সেটি পরিবর্তন করে ঈদে সালামি/ পূজায় / বড়দিনে উপহার পাওয়ার বিষয়টি বলা যেতে পারে। কিন্তু যদি ঈদে/দুর্গা পূজায় চকলেট সংগ্রহের কথা বলা হয় তবে তা অসামঞ্জস্যপূর্ণ মনে হবে।

নাম পরিবর্তনের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে এদের সাথে সংশ্লিষ্ট কোন ছবি দেয়া আছে কিনা। ছবি দেয়া থাকলে ছবির সাথে সামঞ্জস্যপূর্ণ নাম দিতে হবে অথবা নাম অপরিবর্তিত রাখতে হবে।

যেমন- Donut/Pie এর ছবি থাকলে সেটাকে পরিবর্তন করে কেক লেখা যেতে পারে, কিন্তু সমুচা বা সিঙ্গারা লেখা যাবে না।

৩। ডলার চিহ্ন (Doller Sign) \$

- মুদ্রার নাম পরিবর্তন করার সাথে সাথে মুদ্রার অংকের সাথে যে ডলার চিহ্নটি (\$) থাকে সেটিও মুছে দিতে হবে।
- এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে সংখ্যা বা অংকের সাথে যে কোড এর ডলার চিহ্ন দুটো থাকে সেগুলোকে যেন মুছে ফেলা না হয়।



উপরের উদাহরণটিতে ডলার চিহ্নটিকে সরানোর জন্য স্ল্যাশ চিহ্ন দুটি এবং তার পরের ডলার চিহ্নটিকে (\\\$) বাদ দেয়া হয়েছে। এছাড়া কোডের সাথে বাকি ডলার চিহ্নগুলোকে সেভাবেই রাখা হয়েছে। অনুবাদের আগে এবং পরে স্ট্রিংটি দেখতে কেমন হবে তা নিচে দেখানো হয়েছে।

The cost for each person is \$10.

ডলার চিহ্নসহ ইংরেজি অংশ

প্রত্যেক ব্যক্তির জন্য খরচ হয়েছিল 10 টাকা।



ডলার চিহ্ন বাদে বাংলা অনুবাদ

8। সম্বোধন (Addressing Individuals)

- কোন অনুশীলনী বা প্রবন্ধে শিক্ষার্থী / শিক্ষক / অভিভাবকদের সম্বোধন করে কিছু বলতে হলে, বা কিছু ব্যাখ্যা করতে হলে, সেখানে “আপনি” ব্যবহার না করে “তুমি” ব্যবহার করতে হবে এবং সেই অনুসারে বাক্য গঠন করতে হবে এবং সকল ক্ষেত্রে এই সামঞ্জস্যটি বজায় রাখতে হবে।



৫। বিরাম চিহ্ন (Punctuation Mark)

- বিরাম চিহ্ন ব্যবহারের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন Fullstop (.) এর বদলে অবশ্যই দাঁড়ি (।) বসানো হয়।
- কমা (,), সেমিকোলন (;) ইত্যাদির আগে কোন Space (শূন্যস্থান) থাকবে না।



৬। শূন্যস্থান (Space)

- লেখার মাঝে একাধিক space বা শূন্যস্থান রাখা যাবে না।




তবে কিছু কিছু স্ট্রিং এ কিছু হলুদ রঙে চিহ্নিত শূন্যস্থান থাকে। সেগুলোকে সেভাবেই রাখতে হবে।

৭। কোড (Code)

- সংখ্যার সাথে কোড

- অধিকাংশ ক্ষেত্রে সংখ্যার শুরুতে এবং শেষে একটি করে ডলার সাইন (\$) ব্যবহার করা হয়, যেটিকে অবশ্যই সেভাবেই রাখতে হবে।
- অনেক ক্ষেত্রে সংখ্যাকে ভিন্ন ভিন্ন রঙে প্রকাশের জন্য কিছু কোড ব্যবহার করা হয়। সেগুলো একই রাখতে হবে।




- সংখ্যাকে ছোট-বড়/ ভগ্নাংশ ইত্যাদি বিভিন্ন ভাবে প্রকাশের জন্য সংখ্যার সাথে কিছু কোড ব্যবহার করা হয়। সেগুলোকে অপরিবর্তিত রাখতে হবে। যেমন-

$\small{1}$

$\frac{85}{}$


- ছবির কোড / ইউআরএল

- খান একাডেমির অনুশীলনী গুলোতে অনেক ছবি ব্যবহার করা হয় যেগুলো বিভিন্ন কোড বা ইউআরএল হিসেবে অনুবাদের পাতায় দেখা যায়। সেগুলোকে কোন পরিবর্তন না করে সেভাবেই রাখতে হবে।



উপরের চিত্রের উদাহরণটিতে ডানপাশের চিহ্নিত কোড বা ইউআরএল দিয়ে বামপাশের ডিম সহ বুড়িটির ছবি প্রকাশ করা হয়েছে। ছবিটিকে খান একাডেমি বাংলা ওয়েবসাইটের অনুশীলনীতেও সঠিক স্থানে সঠিক ভাবে বসানোর জন্য কোডটিকে তাই ছবছ অনুবাদের অংশে বসানো হয়েছে।

- কিছু কিছু অনুবাদের স্ট্রিং থাকে যেখানে একটি কোড ছাড়া আর কিছুই থাকে না। সে সব ক্ষেত্রে কোড গুলোকে অনুবাদের অংশেও একই রকম রেখে সেভ করতে হবে।



উপরের উদাহরণে ডানপাশে কেবল একটি কোড দেয়া আছে যেটি দিয়ে বামপাশের ছবিটিকে বুঝানো হয়েছে। তাই কোডটি অনুবাদের অংশেও একই রাখা হয়েছে।

• গাণিতিক কোড

খান একাডেমির অনুশীলনী গুলোতে বিভিন্ন ধরনের গাণিতিক সমীকরণ ব্যবহার করা হয়। সমীকরণগুলো অনুবাদের পাতায় কোড হিসেবে আসে। সেগুলোকে সেভাবেই রেখে সেভ করতে হবে।


$$\frac{3}{4} + \frac{1}{8} = \frac{7}{8}$$

`$\frac{3}{4} + \frac{1}{8} = \frac{7}{8}$`

উপরের চিত্রের ডানপাশের কোডটি দিয়ে বামপাশের ভগ্নাংশের সমীকরণটিকে বোঝানো হয়েছে। কোডটিকে তাই অনুবাদের অংশে ছব্ব রাখতে হবে।


- বোল্ড, ইটালিক এবং স্পেস কোড

- কিছু কিছু স্ট্রিং এ কোন কোন বাক্যকে বোল্ড বা ইটালিক করার জন্য বাক্যের শুরুতে এবং শেষে স্টার চিহ্ন (*) ব্যবহার করা হয়। শুরুতে এবং শেষে দুটি স্টার (**) থাকার অর্থ হল বাক্যটি বোল্ড হবে। শুরুতে এবং শেষে একটি স্টার (*) থাকার অর্থ হল বাক্যটি ইটালিক হবে। বাক্যের শুরুতে এবং শেষে তাই চিহ্ন গুলো অবশ্যই সঠিকভাবে বসাতে হবে।




উপরের চিত্রে ডানে দুটি করে স্টার বাক্যের শুরুতে এবং শেষে বসিয়ে বাক্যটিকে বোল্ড করা হয়েছে এবং একটি করে স্টার শব্দের শুরুতে এবং শেষে বসিয়ে শব্দকে ইটালিক করা হয়েছে।

- অনেক স্ট্রিং এ এক বা একাধিক \n চিহ্ন ব্যবহার করে স্ট্রিং এ এক বা একাধিক বাক্যকে পরবর্তী লাইনে নেয়া হয়। এই চিহ্নগুলো অবশ্যই অনুবাদেও একইভাবে বসাতে হবে।




- উত্তরের স্থানের / ব্যাখ্যার / লিংকের কোড

- অনুশীলনী গুলোতে উত্তর লেখার ঘরটির জন্য দুটি তৃতীয় বন্ধনী সম্বলিত কিছু কোড ব্যবহার করা হয়। সেই কোড গুলোকে অনুবাদেও অবশ্যই একইভাবে রাখতে হবে।




উপরের চিত্রে [[numeric-input 1]] চিহ্নটি হল মূলত বামপাশের উত্তর লেখার ঘরটির জন্য কোড।

- উত্তরের ঘরের কোডের মত একই রকম কিছু কোড ব্যবহার করা হয় কোন ব্যাখ্যা বা অন্য কোন কিছুর লিংক হিসেবে দেখানোর জন্য। সেই কোড গুলোকেও অবশ্যই একই রাখতে হবে।



উপরে দেখানো কোড গুলোর মত দুটি করে তৃতীয় বন্ধনী ব্যবহার করা সব ধরনের কোডকেই অনুবাদেও একই ভাবে রাখতে হবে।

- এছাড়া আরো বিভিন্ন ধরনের লিংকের কোড আছে যেগুলোকে পরিবর্তন করা যায় না।



আমরা আগে শিখেছিলাম যে, ভাগ করার পরে যা বাকি থাকে তাই ভাগশেষ। উদাহরণস্বরূপ, যখন $7 \div 3$ করা হয়, তখন ভাগফল 2 এবং ভাগশেষ 1 পাওয়া যায়, যা নিম্নরূপে লেখা যায়ঃ

- **টেক্সট কোড**

কিছু কিছু কোডের ভেতরে কিছু শব্দ বা বাক্য থাকে যেগুলোকে অনেক সময় অনুবাদ করতে হয়। এধরণের কোড গুলো `\\text{}` দিয়ে প্রকাশ করা হয়। এধরণের কোডের ভেতর যদি কোন শব্দ বা বাক্য লেখা থাকে তাহলে তা **অবশ্যই পরিবর্তন করতে হবে**।

`\\text{}` এর ভেতরের লেখায় কি ধরণের পরিবর্তন করতে হবে বা কোন পরিবর্তন করতে হবে কিনা তা স্ট্রিংটির ধরণ দেখে বুঝতে হবে। নিচে কয়েকটি টেক্সট কোড এর উদাহরণ দেখানো হল-

`$7\\text{ cm}$` → `$7\\text{ সে.মি.}$`

`$\\text{Plan A}$` → `$\\text{পরিকল্পনা A}$`

`$\\maroonD{\\text{A}}$` → `$\\maroonD{\\text{A}}$`

`$3\\text{ ones}$` → `$3\\text{ একক}$`

An `\\blueD{\\text{acute}}` triangle has `\\blueD{\\text{3 angles that}}` `\\blueD{\\text{each measure less than}}` `90^\\circ`. Below are examples of `\\blueD{\\text{acute triangles}}`.




একটি `\\blueD{\\text{সূক্ষ্মকোণী}}` ত্রিভুজের `\\blueD{\\text{3 টি কোণের পরিমাপই}}` `90^\\circ` `\\blueD{\\text{এর চেয়ে কম}}`। নিচে `\\blueD{\\text{সূক্ষ্মকোণী ত্রিভুজের}}` উদাহরণ দেওয়া হল।

৮। অনুবাদের ধরণ (Translation Style)

লক্ষ্য রাখতে হবে যেন অনুবাদটি অবশ্যই **আক্ষরিক অনুবাদ** না হয়ে আমাদের স্কুল / কলেজ শ্রেণির শিক্ষার্থীদের বোধগম্যতার মাত্রা অনুসারে সহজ, সাবলীল ও প্রাজ্ঞল ভাষায় এবং বাংলায় রচিত স্কুল / কলেজের পাঠ্যপুস্তক (NCTB এর পাঠ্যপুস্তক) এর সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।

কোন কোড অনুবাদ করা যাবে কিনা তা বোঝার সহজ উপায়

কিছু কিছু কোডে এমন কিছু অংশ থাকে যেগুলোকে অনুবাদ করা যাবে কিনা তা সহজে বুঝা যায় না। এ সকল ক্ষেত্রে অনুবাদের অংশের নিচে **Other Languages** নামে যে Tab টি রয়েছে সেখান থেকে অন্য ভাষায় অনুবাদের ক্ষেত্রে কোন কোন অংশ অনুবাদ করা হয়েছে বা কোন অংশ অনুবাদ করা হয়েছে কিনা তা দেখে নেয়া যায়।



বামপাশের চিত্রটিতে লাল দাগে চিহ্নিত অংশগুলোর দিকে লক্ষ্য করলে দেখা যাবে যে উপরের ইংরেজি স্ট্রিংটি এবং তার নিচে অনুবাদের ঘরের নিচে তিনটি ট্যাব রয়েছে- Bengali Suggestions, Other Languages এবং Search TM। এদের মধ্যে দ্বিতীয় ট্যাবটিতে ক্লিক করলে চিত্রে চিহ্নিত ভাষা গুলোর মত আরো বিভিন্ন ভাষায় স্ট্রিংটির কোন কোন অংশ অনুবাদ করা হয়েছে (বা কিছু অনুবাদ করা হয়েছে কিনা) তা দেখা যাবে।

চিত্রের একেবারে বামপাশে চিহ্নিত অংশগুলো প্রকাশ করছে যে অনুবাদটি গ্রহন (approve) করা হয়েছে কিনা। (বামপাশে সবুজ টিক চিহ্নের অর্থ হল approve করা হয়েছে এবং সবুজ বর্গক্ষেত্রের অর্থ হল অনুবাদটি এখনো approve করা হয়নি।)

কখনো কখনো দেখা যায় যে কোন কোন ভাষায় অনুবাদ করা হয়েছে কিন্তু কোন কোন ভাষায় অনুবাদ করা হয়নি। এসকল ক্ষেত্রে যেসকল ভাষায় অনুবাদটি approve হয়ে গিয়েছে সে সকল ভাষায় কিভাবে অনুবাদ করা হয়েছে তা দেখে নিতে হবে।


খান একাডেমির অনুবাদের ক্ষেত্রে বহুল ব্যবহৃত শব্দ

String (স্ট্রিং) – খান একাডেমি বাংলার অনুবাদের ক্ষেত্রে স্ট্রিং বলতে বোঝায় অনুবাদের এক একটি অংশকে। অনুশীলনীর ক্ষেত্রে প্রশ্নটি একটি স্ট্রিং। নৈর্ব্যক্তিক উত্তরের ক্ষেত্রে বিকল্পগুলো এক একটি স্ট্রিং। অনেক ক্ষেত্রে চিত্র, গাণিতিক প্রকাশ ইত্যাদিও এক একটি স্ট্রিং হতে পারে।

3 টি আইসক্রিম কুপ + 1 টি আইসক্রিম কুপ = টি আইসক্রিম কুপ



3 + 1 = 4



সেখানে 4 টি আইসক্রিম কুপ ছিল।

উপরের চিত্রে সবুজ তিনটি অংশের প্রত্যেকটি এক একটি স্ট্রিং।

খান একাডেমি বাংলার অনুবাদ সম্পর্কিত যে কোন প্রশ্ন / পরামর্শ / মতামতের জন্য যোগাযোগের ইমেইল ঠিকানা –

khanacademybangla@agami.org

খান একাডেমি বাংলার Facebook page –

<https://www.facebook.com/KABangla/>

খান একাডেমি বাংলা Website ঠিকানা –

<https://bn.khanacademy.org/>

খান একাডেমি বাংলা ইনিশিয়েটিভ Project Website –

www.khanacademybangla.org